



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



২৪৪৪৭

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১২৭৯১৮১/রংপুর-২০৯/ ১১৬১/৪

তারিখ: ১২.১২.২০১৯খ্রি.

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-নারী ঘটিত অপকর্মের বিষয়ে বিগত ০৯/০১/২০১৯ খ্রি. তারিখে সভাপতি কর্তৃক তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। বিগত ১২/০১/২০১৯ খ্রি. তারিখে তিনি উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন। কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে যথাযথ জবাব প্রদানের পরেও সভাপতি বিগত ১৩/০১/২০১৯ খ্রি. তারিখে তাকে বিনা কারণে সাময়িক বরখাস্ত করেন (কপি সংযুক্ত)।

পরবর্তীতে বিগত ১২/০২/২০১৯ খ্রি. তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর-কে সাময়িক বরখাস্তের বিষয়ে তদন্তপূর্বক মতামতের জন্য সুপার (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক পত্র প্রেরণ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে সকল অভিযোগ ভিত্তিহীন মর্মে মতামত প্রদান করেন। তদন্তকারী কর্মকর্তার মতামত উপেক্ষা করে মাদ্রাসার সভাপতি অদ্যাবধি তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করেননি।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (১/১/১৬) পাতা।

উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, রংপুর।

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ও

চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১২৭৯১৮১/রংপুর-২০৯/ ১১৬১/৪

তারিখ: ১২.১২.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৩. সভাপতি, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
৪. জনাব মোঃ শাহজাহান আলী (অভিযোগকারী এবং সাময়িক বরখাস্তকৃত সুপার), গ্রাম: আজমপুর, ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪